



## ইস্টার সানডে উপলক্ষে প্রধানমন্ত্রীর সঙ্গে প্রোটেস্ট্যান্ট চার্চ নেতাদের সাক্ষাৎ



ইস্টার উপলক্ষে প্রধানমন্ত্রীর সঙ্গে প্রোটেস্ট্যান্ট চার্চ নেতাদের সাক্ষাৎ। ছবি: সংগৃহীত

ইস্টার সানডে উপলক্ষে প্রোটেস্ট্যান্ট চার্চের নেতাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

রোববার (৫ এপ্রিল) সকালে বাংলাদেশ সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে এই সৌজন্য সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি জাহিদুল ইসলাম রনি বিষয়টি নিশ্চিত করেন।

সাক্ষাৎটি আন্তরিক ও সৌহার্দ্যপূর্ণ পরিবেশে সম্পন্ন হয়। এ সময় চার্চ নেতারা খ্রিস্টান সম্প্রদায়ের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব ইস্টারের আনন্দ, শান্তি ও সম্প্রীতির বার্তা প্রধানমন্ত্রীর কাছে তুলে ধরেন।

খ্রিস্টান ধর্মবিশ্বাস অনুযায়ী, ইস্টার সানডে যিশু খ্রিস্টের পুনরুত্থানের স্মরণে পালিত একটি গুরুত্বপূর্ণ দিন। ধর্মীয় বর্ণনায় বলা হয়, গুড ফ্রাইডেতে ক্রুশবিদ্ধ হয়ে মৃত্যুবরণ করার পর তৃতীয় দিনে, অর্থাৎ রোববার, তিনি পুনরায় জীবিত হয়ে ওঠেন। এই ঘটনাই খ্রিস্টধর্মের অন্যতম মূল ভিত্তি হিসেবে বিবেচিত।

বিশ্বজুড়ে খ্রিস্টান সম্প্রদায় গভীর উৎসাহ ও ধর্মীয় আবেগের মধ্য দিয়ে দিনটি পালন করে। আত্মত্যাগ, মানবসেবা এবং সত্য ও ন্যায়ের পথে চলার যে শিক্ষা যিশু খ্রিস্ট দিয়েছেন—ইস্টার সেই বার্তাকেই নতুন করে স্মরণ করিয়ে দেয়।